গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট**
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www. pmeat.gov.bd

স্মারকনং-এইচএসপি/এমআইএস/আইসিটি/মাঠপর্যায়ে/২০২৩/৬(১০৯০)　　　　তারিখ:১৮.০৪.২০২৪ খ্রি.

**বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির ৬ষ্ঠ হতে ১২শ ও সমমান শ্রেণির উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইন ব্যাংক হিসাব এবং 'নগদ' একাউন্ট ব্যতীত অন্যান্য মোবাইল ব্যাংকিং একাউন্টসমূহ 'নগদ'-এ রূপান্তর প্রসঙ্গে।**

**সূত্র:** ক)ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ১৩/০৩/২০২৩ খ্রি: তারিখের ১৪.০০.০০০০.০০৭.১৮.০০১.১৯.১৫ নম্বর স্মারক ।

খ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ৩০/০১/২০২৪ খ্রি. তারিখের ৩৭.০০.০০০০.০৬১.৯৯.০৬০.১৮.২৫ নম্বর স্মারক।

গ) অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ১৬/০৪/২০২৪ খ্রি: তারিখের ০৭.০০.০০০০.১০৩.১৮.০০৪.২৩-৭২৫ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকসমূহের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর আওতাধীন শিক্ষার্থীদের উপবৃত্তিসহ অন্যান্য সকল ভাতা ডাক অধিদপ্তরের সাথে চুক্তিবদ্ধ মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস নগদের মাধ্যমে বিতরনের জন্য সূত্রোক্ত 'ক' নং পত্রে অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ৩০/০১/২০২৪ খ্রি: তারিখের ৩৭.০০.০০০০.০৬১.৯৯.০৬০.১৮-২৫ নং স্মারক অনুযায়ী বর্তমানে উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের মধ্যে HSP-MIS সফটওয়্যারে 'নগদ' একাউন্ট এবং অনলাইন ব্যাংক হিসাব ব্যতীত **অন্যান্য মোবাইল আর্থিক সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সকল উপকারভোগীর মোবাইল ব্যাংকিং হিসাব নম্বর 'নগদ'-এ পরিবর্তনে প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়।**

২। তৎপরিপ্রেক্ষিতে বর্তমান উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের মধ্যে ৬ষ্ঠ হতে ১২শ শ্রেণির 'নগদ' একাউন্ট ও অনলাইন ব্যাংক (এজেন্ট ব্যাংকিংসহ) হিসাবধারী ব্যতীত অন্যান্য মোবাইল আর্থিক সেবা প্রদানকারী (বিকাশ, রকেট, উপায়, শিওরক্যাশ ও এম ক্যাশ) প্রতিষ্ঠানের সকল উপকারভোগীর মোবাইল ব্যাংকিং হিসাব নম্বর 'নগদ'-এ পরিবর্তনের লক্ষ্যে HSP-MIS সফটওয়্যারে **''শিক্ষার্থীদের তথ্য সংশোধন অপশন''** আগামী ২১/০৪/২০২৪ তারিখ থেকে ২৯/০৪/২০২৪ তারিখ পর্যন্ত উন্মুক্ত থাকবে।

৩। বর্ণিত প্রেক্ষাপট বিবেচনায় আগামী ২১/০৪/২০২৪ খ্রি. তারিখ হতে ২৯/০৪/২০২৪ খ্রি. তারিখের মধ্যে **''এতদসঙ্গে সংযুক্ত নির্দেশনা-১''** অনুসরন করে HSP-MIS সফটওয়্যারে বিদ্যমান বিকাশ/ রকেট/ উপায়/ শিওরক্যাশ/ এম ক্যাশ হিসাবধারী উপকারভোগী শিক্ষার্থীদের হিসাব নম্বর সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে নিজস্ব আইডি ও পাসওয়ার্ড (Password) ব্যবহার করে HSP-MIS - এ প্রবেশ করে **'নগদ একাউন্টে'** রূপান্তর করার জন্য অনুরোধ করা হলো।

৪। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণকে আগামী ৩০/০৪/২০২৪ খ্রি. তারিখ হতে ০৫/০৫/২০২৪ খ্রি. পর্যন্ত **''এতদসঙ্গে সংযুক্ত নির্দেশনা-২''** অনুসরন করে প্রতিষ্ঠান পর্যায় থেকে প্রাপ্ত উপকারভোগীর সংশোধিত তালিকা অনুমোদন করার জন্য অনুরোধ করা হলো।

৫। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ তাঁদের স্ব স্ব ইউজার আইডি হতে বিদ্যমান উপকারভোগী শিক্ষার্থীদের তথ্য সংশোধন করবেন। এ সংক্রান্ত কাজে কোনভাবেই তৃতীয় পক্ষকে নিয়োগ করা যাবে না।

৬। সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তাঁর আওতাধীন উপজেলার স্কিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগনকে **অতি জরুরীভিত্তিতে** উক্ত বিষয়টি অবহিতকরণসহ এতদ্ সংক্রান্ত সকল কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং করবেন।

৭। **ইউজার আইডি ও পাসওয়ার্ড:**

কোন শিক্ষা প্রতিষ্ঠান HSP-MIS এর আইডি/পাসওয়ার্ড ভুলে গেলে বা অন্য কোন কারণে HSP-MIS এ লগ ইন করতে না পারলে শিক্ষা প্রতিষ্ঠানের প্যাডে লিখিত আবেদনসহ সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে অস্থায়ী পাসওয়ার্ড প্রাপ্তির জন্য mis.hsp@pmeat.gov.bd ই-মেইলে যোগাযোগ করার অনুরোধ করা হলো। অস্থায়ী পাসওয়ার্ড অতীব জরুরী ভিত্তিতে পরিবর্তন ও নিজস্ব পছন্দ অনুযায়ী নতুন পাসওয়ার্ড তৈরী করে নেবেন।

৮। HSP-MIS একটি আর্থিক সফটওয়্যার বিধায় সংশ্লিষ্ট ইউজার আইডির বিপরীতে সৃষ্ট পাসওয়ার্ড অন্য কারো নিকট হস্তান্তর করা যাবে না। **HSP-MIS সফটওয়্যারের পাসওয়ার্ড অন্য কারো নিকট হস্তান্তরজনিত কারণে কোন শিক্ষার্থী উপবৃত্তি হতে বঞ্চিত হলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।**

৭। হেল্প লাইন নম্বর: অফিস চলাকালীন সময়ে সকাল ০৯.০০টা থেকে বিকাল ০৪.০০টা পর্যন্ত হেল্প লাইন মোবাইল নম্বর: ০১৩১৬৬৫৮২৩০, ০১৩১৬৬৫৮৫২৯-এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

**সংযুক্তি : বর্ণনামতে -২ পাতা**

২১/০৪/২৪
(মোহাম্মদ আসাদুল হক)
স্কিম পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০২-৫৫০০২০৭৩

**উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা**
সকল উপজেলা/থানা।

**সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):**

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশে সচিবালয়, ঢাকা।
০২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশে সচিবালয়, ঢাকা।
০৩। প্রোগ্রাম কো-অর্ডিনেটর (অতিরিক্ত সচিব), পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

স্মারক নং উমাশিঅ/গফর/ময়মন/১২০ , তারিখ: ২২.০৪.২০২৪ খ্রি.

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'ল।

১. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/ সুপারিনটেনডেন্ট
............................................................ কলেজ/বিদ্যালয়/মাদ্রাসা
গফরগাঁও, ময়মনসিংহ।
পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।

২. অফিস কপি।

২২/৪/২৪
( মোঃ রফিকুল ইসলাম ভূঞা )
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
গফরগাঁও, ময়মনসিংহ।

অনুলিপি :
১। স্কিম পরিচালক ( যুগ্মসচিব ) প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট , সমন্বিত উপবৃত্তি কর্মসূচী, ঢাকা- ১২০৯।
২। উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
৩। জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
৪। অফিস কপি।

## <u>শিক্ষা প্রতিষ্ঠানের জন্য</u>   <u>নির্দেশনা-১</u>

ক) www.pmeat.gov.bd ওয়েব সাইটে প্রবেশ করুন। এরপর মেনুবারের **"ই-সেবা"** বক্সে ক্লিক করে HSP-MIS (ষষ্ঠ-দ্বাদশ) অপশন সিলেক্ট করুন।

খ) অত:পর শিক্ষা প্রতিষ্ঠানের ইউজার আইডি ও পাসওয়ার্ড দিয়ে HSP-MIS সফটওয়্যারে এ লগইন করুন।

**গ) 'নগদ' ব্যতিত অন্যান্য মোবাইল ব্যাংকিং হিসাব (বিকাশ, রকেট, শিওর ক্যাশ, এমক্যাশ) নম্বরধারী শিক্ষার্থীদের একাউন্টসমূহ 'নগদ' একাউন্টে রূপান্তর করার জন্য নিম্নরূপ প্রক্রিয়া অনুসরণ করুন:**

**১ম ধাপ:** HSP-MIS-এর ড্যাশবোর্ডে **"উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী"** অপশন-এ ক্লিক করুন।

↓

**২য় ধাপ:** **"মোবাইল ব্যাংক তথ্য আপডেট"** অপশনে ক্লিক করুন (অর্থবছর-২০১৯-২০২০ অথবা ২০২৩-২০২৪ বছর সিলেক্ট করে খুঁজুন বাটনে ক্লিক করুন। যে সাল সক্রিয় উপকারভোগী শিক্ষার্থীর তথ্য পাওয়া যাবে শুধুমাত্র সে সকল শিক্ষার্থীর তথ্য সংশোধন করতে হবে।)

↓

**৩য় ধাপ:** **"সম্পাদনা"** বাটনে ক্লিক করুন।

↓

**৪র্থ ধাপ:** শিক্ষার্থীর ব্যক্তিগত তথ্য -পৃষ্ঠায় শিক্ষার্থীর জন্মসনদ নম্বর যাচাই বাটনে ক্লিক করুন। পিতা ও মাতার NID নম্বর এন্ট্রি করে অনলাইনে যাচাই করুন।

↓

**৫ম ধাপ:** অভিভাবক হিসাবে পিতা অথবা মাতা সিলেক্ট করুন। পিতা,মাতা ব্যতিত ভাই,বোন বা অন্যান্য অভিভাবক হিসাবে সিলেক্ট করলে তাঁর NID নম্বর Entry করে যাচাই করুন।

↓

**৬ষ্ঠ ধাপ:** পেমেন্ট তথ্যে- মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী অপশনে ক্লিক করার পর **"নগদ"** সিলেক্ট করে হিসাবধারীর নাম ও হিসাব নম্বর সঠিকভাবে এন্ট্রি করে যাচাই করুন।

↓

**৭ম ধাপ:** সর্বশেষ স্ক্রিনের উপরে ডানপাশে সংরক্ষণ বাটনে ক্লিক করুন।

<u>বিশেষ দ্রষ্টব্য:</u>

- HSP-MIS সফটওয়্যারে পিতাকে অভিভাবক হিসাবে নির্বাচন করলে পিতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে **'নগদ'** একাউন্ট নম্বর খুলতে হবে এবং অভিভাবক ও হিসাবধারীর নাম হিসাবে পিতার নাম এন্ট্রি করতে হবে।
- একইভাবে অভিভাবক হিসাবে মাতাকে নির্বাচন করলে মাতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে **'নগদ'** একাউন্ট খুলতে হবে এবং অভিভাবক ও হিসাবধারীর নাম হিসাবে মাতার নাম এন্ট্রি করতে হবে।
- পিতা/মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে (ভাই/বোন/অন্যান্য) অভিভাবক হিসাবে নির্বাচন করলে তাঁর জাতীয় পরিচয়পত্র ব্যবহার (NID) করে **'নগদ'** একাউন্ট খুলতে হবে এবং অভিভাবক ও হিসাবধারীর নাম হিসাবে তাঁর নাম এন্ট্রি করতে হবে।